# কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যাল
১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

## ঋণ আদায়, আইন ও গবেষনা বিভাগ

অপারেশন পরিপত্র নং-০৮/২০১১ তারিখ ঃ ৩০.১১.২০১১

**সকল শাখা ব্যবস্থাপক**
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় ঃ **সুদ মওকুফ নীতিমালা সংশোধন প্রসঙ্গে।**

পরিচালনা বোর্ডের ২৮.১১.২০০৫ তারিখের ৯৮তম সভার অনুমোদনক্রমে পরিচালন বিভাগের ০২.০২.২০০৬ তারিখের অপারেশন পরিপত্র নং-০১/২০০৬/৮৩০(৯২) এর মাধ্যমে **'সুদ মওকুফ সংক্রান্ত নীতিমালা'** এবং পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে পরিচালন বিভাগের ১৪.০৫.২০০৭ তারিখের অপারেশন পরিপত্র নং-০১/২০০৭ এর মাধ্যমে সুদ মওকুফের সংশোধিত নীতিমালা জারী করা হয়। পরবর্তীতে পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে ঋণ আদায়, আইন ও গবেষণা বিভাগের ২৪.০৫.২০১১ তারিখের কেবি/প্রকা/ঋআবি-০১/২০১০-২০১১/১১২ এর মাধ্যমে সুদ মওকুফ কমিটি পুর্নগঠন করা হয়। সুদ মওকুফ নীতিমালার আওতায় ব্যাংকের নিজস্ব তহবিলের ঋণ কর্মসূচীসহ অন্যান্য কর্মসূচী অর্ন্তভূক্তিকরণ এবং সুদ মওকুফ প্রদানের ক্ষমতা পুনঃনির্ধারনের জন্য ১৭.১১.২০১১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ১৭২তম সভায় সার-সংক্ষেপ উপস্থাপন করা হলে পরিচালনা বোর্ড কর্তৃক তা অনুমোদিত হয়।

২। পরিচালনা বোর্ডের অনুমোদন অনুযায়ী ইতঃপূর্বে সুদ মওকুফ সংক্রান্ত জারীকৃত অপারেশন পরিপত্র/লেটারে উল্লেখিত নির্দেশনা সমূহ একীভূতকরে এতদসংক্রান্ত একটি পূর্ণাঙ্গ সংশোধিত নীতিমালা জারী করা হলো। সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত নির্দেশণাবলী / নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করার জন্য পরামর্শ দেয় হলো। এ অপারেশন পরিপত্র জারীর ফলে উপরে উল্লেখিত অপারেশন পরিপত্র / লেটারসমূহ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ হবে।

৩। **কোন ক্যাটাগরীর ঋণ সুদ মওকুফের আওতায় আসবে ঃ**

(ক) ঋণ গ্রহীতার মৃত্যু হলে ;

(খ) প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদী ভাঙ্গন বা এ ধরনের দুর্দশার কারণে প্রকল্প ক্ষতিগ্রস্থ হলে ;

(গ) অন্য কোন যুক্তিসঙ্গত কারণে প্রকল্প ক্ষতিগ্রস্থ হলে।

৪। **সুদ মওকুফের সময় বিবেচ্য বিষয়সমূহ ঃ**

ক) ঋণটি নিম্নমান, সন্দেহজনক বা মন্দ (Sub-standard, Doubtful or Bad) হিসেবে শ্রেনী বিন্যাসিত হতে হ

(খ) মূল ঋণ, মামলা খরচ ও অন্যান্য খরচ মওকুফযোগ্য হবে না ;

(গ) ব্যাংকের নিজস্ব তহবিলের ঋণ কর্মসূচীসহ অন্যান্য কর্মসূচীর ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে। তবে, ভিত্তিক শিল্প ঋণের আওতায় এই সুদ মওকুফ প্রযোজ্য হবে শুধু মাত্র ব্যাংকের প্রাপ্য/প্রাপ্ত সুদের অর্থাৎ ব্যাং আয় খাতে অন্তর্ভূক্ত৩% মাত্র মওকুফযোগ্য হবে।

৫। **সুদ মওকুফের সর্বোচ্চ সীমা ঃ**

ক) সাধারণ ক্ষেত্রে আরোপিত সুদ থেকে Cost of Fund recovery নিশ্চিত করে অবশিষ্ট আরোপিত সুদ অনারোপিত সুদের ১০০ % ;

(খ) কেবলমাত্র ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা বা তার চেয়ে কম ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে ঋণ গ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দু মড়ক, নদী-ভাঙ্গন বা এ ধরনের দুর্দশার কারণে আরোপিত সুদ থেকে Cost of Fund recovery নিশ্চিত শর্তাবলী শিথিলযোগ্য।

**৬। ডাউন পেমেন্ট ঃ**

(ক) ১ম বার সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের সময় মোট বকেয়ার কমপক্ষে ১৫% ডাউন পেমেন্ট জমা নিতে হবে ;
(খ) ২য় বার সুদ মওকুফ প্রস্তাব প্রেরণের সময় মোট বকেয়ার কমপক্ষে ২০% ডাউন পেমেন্ট জমা নিতে হবে
(গ) একাধিক তারিখে ডাউন পেমেন্টের টাকা জমা নেয়া যাবে। ঋণ গ্রহীতার আবেদনে সুদ মওকুফ প্রস্তাব গ্রহণের তারিখ থেকে পূর্ববর্তী অনধিক ৬০ দিনের মধ্যে বিভিন্ন তারিখে জমাকৃত টাকা ডাউন পেমেন্ট হিসেবে গণ্য করা যাবে।

**৭। সুদ মওকুফ কমিটি ঃ**

সুদ মওকুফ বিবেচনার জন্য প্রধান কার্যালয়ে একটি কমিটি থাকবে। কমিটির সুপারিশ ব্যতিত কোন ঋণের সুদ মওকুফ বিবেচনা করা হবে না। নিম্নে বর্ণিত ০৪ জন নির্বাহীর সমন্বয়ে গঠিত সুদ মওকুফ কমিটি দায়িত্ব পালন করবে ঃ

সভাপতি - মহাব্যবস্থাপক (পরিচালন)
সদস্য - মহাব্যবস্থাপক (হিসাব ও নিরীক্ষা)
সদস্য - উপ-মহাব্যবস্থাপক (ঋণ আদায়, আইন ও গবেষণা বিভাগ)
সদস্য-সচিব - সহকারী মহাব্যবস্থাপক / সিনিয়র প্রিন্সিপাল অফিসার (ঋণ আদায়, আইন ও গবেষণা বিভাগ)

গঠিত কমিটি প্রাপ্ত প্রস্তাব পরীক্ষান্তে সুপারিশসহ বিবেচনার জন্য উপস্থাপন করবে।

**৮। সুদ মওকুফ প্রদানের ক্ষমতা ঃ**

(ক) ব্যবস্থাপনা পরিচালক ঃ ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মঞ্জুরীকৃত ঋণের সুদ।
(খ) পরিচালনা বোর্ড ঃ ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে মঞ্জুরীকৃত ঋণের সুদ।

**৯। সুদ মওকুফ পুনর্বিবেচনা ঃ**

ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুমোদিত সুদ মওকুফ সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন বিবেচনার ক্ষমতা পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকবে।

**১০। প্রয়োজনীয় কাগজপত্র ঃ**

(ক) সুদ মওকুফ সংক্রান্ত আবেদনপত্র ;
(খ) ঋণ গ্রহীতার মৃত্যু সম্পর্কে শাখা ব্যবস্থাপকের প্রত্যয়ন ;
(গ) রিভিউ ফরম (পরিশিষ্ট-ক মোতাবেক) ;
(ঘ) সুদ মওকুফোত্তর অবশিষ্ট পাওনা পরিশোধ সম্পর্কে আবেদনকারীর ঘোষণাপত্র (পরিশিষ্ট-খ মোতাবেক)।

**১১। সুদ মওকুফোত্তর অবশিষ্ট পাওনা পরিশোধ পদ্ধতি ঃ**

(ক) সুদ মওকুফ প্রস্তাব বিবেচিত হলে উদ্যোক্তা / তাঁর পক্ষে আবেদনকারীকে মওকুফোত্তর অবশিষ্ট পাওনা সর্বোচ্চ ০১ বছরের মধ্যে পরিশোধ করতে হবে ;
(খ) সুদ মওকুফ প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষ মওকুফোত্তর অবশিষ্ট পাওনা এককালীন / পাক্ষিক / মাসিক / ত্রৈমাসিক / ষান্মাষিক কিস্তিতে পরিশোধের সময় সীমা নির্ধারণ করবেন ;
(গ) নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট পাওনা পরিশোধ না করলে মওকুফ সুবিধা বাতিল বলে গণ্য হবে ;
(ঘ) মওকুফ বাদে অবশিষ্ট পাওনা কিস্তিতে পরিশোধ সূচী দেয়া হলে পর পর তিনটি কিস্তি পরিশোধ না করলে মওকুফ সুবিধা বাতিল বলে গণ্য হবে।

**১২। সুদারোপ বন্ধ রাখা ঃ**

শাখা কর্তৃক সংশ্লিষ্ট উদ্যোক্তা বা তাঁর পক্ষে আবেদনকারীর নিকট থেকে সুদ মওকুফের আবেদন যথানিয়মে গ্রহণ করার পরদিন থেকে সংশ্লিষ্ট ঋণ হিসাবে আর সুদারোপ করা যাবে না।

১৩। মওকুফোত্তর অবশিষ্ট পাওনা ঋণ গ্রহীতা কর্তৃক পরিশোধের পর সংশ্লিষ্ট ঋণ হিসাবের বিপরীতে স্থগিত খাতে রক্ষিত সুদ ডেবিট করে ঋণ হিসাব সমন্বয় করতে হবে। মওকুফকৃত সুদের পরিমান স্থগিত সুদের চেয়ে বেশী হলে স্থগিত সুদ সমন্বয়ের পর অবশিষ্ট পাওনা ঋণের বিপরীতে সংরক্ষিত প্রভিশণ খাতে ডেবিট করে সমন্বয় করা হবে। এক্ষেত্রে মওকুফোত্তর বকেয়া পাওনা সম্পূর্ণরূপে পরিশোধ হওয়ার পর শাখা প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগে সংরক্ষিত প্রভিশণ খাতের বিপরীতে ক্রেডিট এডভাইসের জন্য অনুরোধপত্র প্রেরণ করবে। উক্ত ক্রেডিট এডভাইস পাওয়ার পর শাখা সংশ্লিষ্ট ঋণ হিসাব সমন্বয় করবে।

১৪। সুদ মওকুফ প্রস্তাব প্রেরণ এবং মওকুফ সংক্রান্ত সিদ্ধান্ত প্রাপ্তি-এ দু'য়ের অন্তবর্তীকালীন সময়ে কোন ঋণ তামাদি হওয়ার আশংকা থাকলে সুদ মওকুফের সিদ্ধান্তের জন্য অপেক্ষা না করে অনাদায়ী টাকা আদায়ের জন্য মামলা দায়ের করতে হবে।

১৫। সুদ মওকুফের যৌক্তিকতার স্বপক্ষে প্রয়োজনীয় প্রমানাদি নিরীক্ষার জন্য শাখায় সংরক্ষণ করতে হবে। নিরীক্ষা বিভাগ শাখা নিরীক্ষাকালে উহা পরীক্ষা করবে।

১৬। সুদ মওকুফ সকল ঋণ গ্রহীতার জন্য উন্মুক্ত কোন সুযোগ নয়। সকল ঋণ গ্রহীতাকে ঢালাওভাবে এ সুযোগ দেয়া যাবে না। ঋণ আদায়ের সকল প্রচেষ্ঠা ব্যর্থ হওয়ার পরই কেবল ক্ষেত্র বিশেষে সুদ মওকুফের বিষয়টি বিবেচনা করতে হবে।

১৭। সুদ মওকুফ সংক্রান্ত সংশোধিত নীতিমালায় কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে তা নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করা যেতে পারে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত
৩০.১১.২০১১
(মোঃ আব্দুল মান্নান)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-কেবি/প্রকা/ঋআবি-০৩(০৪)/২০১১-২০১২/৬৩১ (২৩২)

তারিখ ঃ - ঐ -

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক।
৫। অফিস নথি।

স্বাক্ষরিত
৩০.১১.২০১১
(মোঃ জয়নাল আবেদীন)
সহকারী মহাব্যবস্থাপক